# মুম্‌সিক

## হাব্বে মুম্‌সিক

## স্নায়বিক শক্তিবর্ধক

**বিবরণঃ**

**মুম্‌সিক** একটি প্রাকৃতিক স্নায়ু শক্তিবর্ধক ও যৌন শক্তিবর্ধক ক্যাপসুল। বাংলাদেশ জাতীয় ইউনানী ফর্মূলারী অনুযায়ী **মুম্‌সিক** ক্যাপসুলে ব্যবহৃত মূল্যবান উপাদান সমূহ হচ্ছে শোধিত কুচিলা, গোলমরিচ, পিপুল, আম্বার, পান পাতা।

**মুম্‌সিক ক্যাপসুলে ব্যবহৃত ভেষজ সমূহের ঔষধি গুণাগুনঃ**

**১. শোধিত কুচিলাঃ**

ইহা তিক্ত, স্নায়ু সবলকারক, পাকস্থলীর শক্তিবর্ধক, বলকারক, উদ্দীপক, কষায়কারক এবং যৌন শক্তিবর্ধক। ইহা মেরুমজ্জা, শ্বাসযন্ত্র ও হৃদপিন্ড সবলকারক। ইহা জ্বরনাশক ও স্নায়বিক সমস্যায় ব্যবহৃত হয়।

**২. গোলমরিচঃ**

ইহা বায়ুনাশক, সুগন্ধিকারক ও পাকস্থলীর শক্তিবর্ধক। ইহা ব্যাকটেরিয়া বিরোধী, ফাংগাস বিরোধী ও প্রদাহরোধী। ইহা হৃদপিন্ড, কিডনি এবং স্নায়ুতন্ত্র উদ্দীপক।

**৩. পিপুলঃ**

ইহা হৃদপিন্ড উদ্দীপক, বায়ুনাশক ও বলবর্ধক। ইহা যৌন শক্তিবর্ধক, মূত্রকারক। ইহা খাদ্য ও ঔষধের বায়ো-এভেইলিবিলিটি বৃদ্ধি করে।

**৪. আম্বারঃ**

ইহাতে প্রাপ্ত আম্বেরীন এ্যালকালয়েড স্নায়ুতন্ত্রকে সক্রিয় করে। মস্তিষ্কের স্নায়ুমন্ডলী ও পিটুইটারী গ্লান্ডের শক্তি যোগায়, যার ফলে যৌনগ্রন্থি সমূহের রক্ত সঞ্চালন বৃদ্ধি পায় ও যৌন আকাঙ্খা (Sexual Desire) জাগায়।

**৫. পান পাতাঃ**

পান পাতা স্নায়ু উদ্দীপক ও রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।

**নির্দেশনাঃ**

যৌন দুর্বলতা, দ্রুত বীর্যস্খলন, বীর্যতারল্য ও স্নায়বিক দুর্বলতা।

**মাত্রা ও সেবন বিধিঃ**

সাধারণ যৌন দুর্বলতায় ও অন্যান্য উপসর্গের জন্য সকাল ও রাতে ১ টি ক্যাপসুল আহারের পর দুধ অথবা পানিসহ সেব্য অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব প্রতিক্রিয়াঃ**

মুম্‌সিক একটি প্রাকৃতিক ঔষধ, এতে কোন পার্শ্ব প্রতিক্রিয়া এ যাবৎ পরিলক্ষিত হয়নি।

**সতর্কতাঃ**

অপ্রাপ্ত বয়স্কদের সেবন নিষেধ। যৌন দুর্বলতার জন্য সেবনকালিন সময়ে টক জাতীয় খাবার পরিহার করা প্রয়োজন। ভরাপেটে কাঙ্খিত ফল লাভে বিঘ্ন ঘটতে পারে।

**প্রতি-নির্দেশনা ঃ**

এ ফর্মূলায় ব্যবহৃত যে কোন উপাদানের প্রতি সংবেদী রোগীর ক্ষেত্রে ইহা প্রতি নির্দেশিত। এছাড়া উচ্চ রক্তচাপের রোগীর সেবন নিষেধ।

**পরিবেশনা ঃ**

প্রতি বাক্সে ২ X ৪ টি ক্যাপসুল এ্যালু এ্যালু ব্লিস্টারে সরবরাহ করা হয়।

**প্রস্তুতকারক ঃ**

IBN SINA

দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ

(ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।